আইনশৃঙ্খলা পরিস্থিতিতে দৃশ্যমান উন্নতি হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করাকে সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদে চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের বিরোধীদলীয় (জামায়াতে ইসলামী) সদস্য মো. নূরুল ইসলামের টেবিলে উপস্থাপিত তারকা চিহ্নিত প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, খুন, ছিনতাই, অপহরণসহ বিভিন্ন অপরাধ দমনে পুলিশ তাদের কার্যক্রম জোরদার করেছে। জুলাই বিপ্লবের পর পুলিশের দুর্বল হয়ে পড়া মনোবল ফিরিয়ে এনে বাহিনীকে পূর্ণ সক্ষমতায় কাজ করার উপযোগী করা হচ্ছে।

সরকার দায়িত্ব নেওয়ার পর আইনশৃঙ্খলা পরিস্থিতিতে দৃশ্যমান উন্নতি হয়েছে উল্লেখ করে তিনি বলেন, আরও অগ্রগতির জন্য স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি কৌশলগত পরিকল্পনা নেওয়া হয়েছে।

জনগণের সহযোগিতায় এসব পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দ্রুত আইনশৃঙ্খলা পরিস্থিতির আরও উন্নতি সম্ভব হবে বলে আশা প্রকাশ করেন সালাহউদ্দিন আহমদ। এ লক্ষ্যে পুলিশ বিভিন্ন অপারেশনাল কার্যক্রম চালিয়ে যাচ্ছে বলেও জানান তিনি।